যুগান্তর

### বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে জাল সনদে চাকরি

# জালিয়াত শিক্ষক ধরতে অভিযানে নামছে দুদক

**মিজান মালিক ও মুসতাক আহমদ**

দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে জাল সনদে চাকরিরত শিক্ষকদের ধরতে অভিযানে নামছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। যেসব শিক্ষক জাল নিবন্ধন ও শিক্ষাগত যোগ্যতার সনদে চাকরি নিয়েছেন তাদের কাছ থেকে প্রথমে সনদ জব্দ করা হবে। পরে জালিয়াতদের বিরুদ্ধে মামলা করা হবে। শিক্ষা মন্ত্রণালয়ের পরিদর্শন ও নিরীক্ষা অধিদফতর (ডিআইএ) এ কাজে দুদককে সহায়তা করছে। এ জন্য ডিআইএ'র একটি টিম রোববার চট্টগ্রাম যাচ্ছে।

এ প্রসঙ্গে জানতে চাইলে ডিআইএ পরিচালক অধ্যাপক আহাম্মেদ সাজ্জাদ রশিদ যুগান্তরকে বলেন, 'আমাদের বিভিন্ন তদন্তে জাল সনদে শিক্ষক-কর্মচারীদের চাকরি নেয়ার অভিযোগ বেরিয়ে আসে। ওইসব বিষয়ের ওপর এখন দুদক কাজ করছে। সংস্থাটির বিভিন্ন আঞ্চলিক অফিস থেকে সংশ্লিষ্ট এলাকায় কে বা কারা জাল সনদে চাকরি করছেন সেই তথ্য চাওয়া হয়েছে। আমরা চাহিদামতো তথ্য সরবরাহ করছি।'

ডিআইএ সূত্র জানায়, জাল সনদে শিক্ষা প্রতিষ্ঠানে চাকরির বিষয়ে অনুসন্ধানের জন্য ফেব্রুয়ারিতে সিদ্ধান্ত নেয় দুদক। সে অনুযায়ী বিভিন্ন আঞ্চলিক অফিসকে দায়িত্ব দেয়া হয়। কয়েক দিন আগে দুদকের উপ-পরিচালক মোহাম্মদ মোরশেদ আলমের স্বাক্ষরে পাঠানো চিঠিতে ঢাকা অঞ্চলের ৫টি জেলার জাল ■ পৃষ্ঠা ১৯ : কলাম ৬

# জালিয়াত শিক্ষক ধরতে অভিযানে

(শেষ পৃষ্ঠার পর)

সনদধারী শিক্ষক-কর্মচারীদের তথ্য চাওয়া হয়েছে। চট্টগ্রাম-২ অঞ্চলের সহকারী পরিচালক নারগিস সুলতানা ওই বিভাগের বিভিন্ন প্রতিষ্ঠানে চাকরিরতদের তথ্য চান। এভাবে বিভিন্ন অফিস থেকে দুদকের কর্মকর্তারা ডিআইএতে চিঠি দিতে থাকেন। এসব চিঠি পর্যালোচনা করে দেখা গেছে, চার ধরনের জাল সনদের ওপর দুদকের কাজ চলছে। এগুলো হচ্ছে— কম্পিউটার শিক্ষক, লাইব্রেরিয়ান, বিএড ডিগ্রি ও নিবন্ধন সনদে চাকরি গ্রহণকারী।

ডিআইএতে ২৫ এপ্রিল পাঠানো চিঠিতে নারগিস সুলতানা উল্লেখ করেন, (জাল সনদের) অভিযোগের সুষ্ঠু তদন্তের স্বার্থে জাল সনদের মূল কপি ও দাফতরিক রেকর্ডপত্র প্রয়োজন। পরে ৮ মে আরেক চিঠিতে চট্টগ্রাম, কক্সবাজার ও বান্দরবান জেলায় জাল সনদে কর্মরতদের তালিকা চাওয়া হয়। ১৪ মের মধ্যে এসব তালিকা পাঠাতে বলা হয়। এ দুই চিঠির পরিপ্রেক্ষিতে ডিআইএ তথ্য সরবরাহ করেছে। সর্বশেষ চিঠিতে চাওয়া তথ্যসহ সংস্থাটির একজন কর্মকর্তা ও একজন কর্মচারীকে আজ শনিবার চট্টগ্রামে পাঠানো হয়েছে। তারা কাল রেকর্ডপত্র ও তালিকা হস্তান্তর করবেন।